

বাংলা পোস্ট

BRITAIN'S FIRST BANGLA NEWSPAPER IN THE UK NEWSAGENT

কমিউনিটির সেবায় নিয়োজিত SERVING THE

ব্রিটেনে হালাল সেভিং প্ল্যান চালু

স্টাফ রিপোর্টারঃ ইসলামিক হোম ফাইন্যান্স সরবরাহকারী প্রতিষ্ঠান আল বোরাক ব্রিটেনে ক্যাপিটাল প্রটেক্টেড হালাল সেভিং প্ল্যান কর্মসূচী চালু করেছে। এ কর্মসূচীর আওতায় ৫০০ পাউন্ড থেকে ১ মিলিয়ন পাউন্ড পর্যন্ত ৫ বছর মেয়াদে ইনভেস্ট করা যাবে। আগামী ৫ই সেপ্টেম্বর পর্যন্ত নির্দিষ্ট মেয়াদী এ একাউন্ট খোলা যাবে। ইসলামিক শরীয়া অনুযায়ী বিনিয়োগকারীদের লভ্যাংশ এবং স্টক

মার্কেটের সাথে সংযুক্ত করে ২০টি শেয়ারও দেয়া হবে। আল বুরাকের প্রধান মি. কিথ লিচ বলেছেন যে, ইসলামিক মার্গেজ মার্কেটে সফলতার পর গ্যারান্টেড ইকুয়িটি বণ্ডের মতো বিপুল প্রডাক্ট চালু করতে পেরে আনন্দিত। এ প্রডাক্ট সম্পর্কে বিস্তারিত জানতে হলে www.alburaq.co.uk অথবা ০৮৪৫ ৮৫০ ০৭৮৬ ফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

বাঙালি জিপির আত্মহত্যা

স্টাফ রিপোর্টারঃ কাজের চাপ ও ঋণের বোঝা সইতে না পেরে আত্মহত্যা করেছেন হালের বাঙালি জিপি ডাক্তার জ্যোতির্ময় দত্ত। তিনি তার ১ জনের সার্জারীতে কমপক্ষে আড়াইহাজার রোগীর চিকিৎসা করেছেন। তিনি তার সিড়ির রেলিংয়ে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেন। মৃত্যুর পূর্বে তার স্ত্রীকে বলেন, আমি জানি না আমি আর কতকাল

এসব সহ্য করবো। ৫৮ বছর বয়েসী এই ডাক্তার বিরাট ট্যাক্স বিল, মার্গেজ ও ছ' সন্তানদের স্কুলের ফিস দিতে হিমশিম খাচ্ছিলেন। আত্মহত্যার পূর্বে তিনি তার স্ত্রীর উদ্দেশ্যে দু'টি চিরকুট রেখে যান।



বাংলাদেশী মহিলা খুনের ঘটনায় ৪ জন গ্রেফতার

স্টাফ রিপোর্টারঃ পূর্ব লন্ডনের ডকল্যান্ড এলাকায় ৭০ বছরের এক বৃদ্ধা বাংলাদেশী মহিলাকে খুনের ঘটনায় পুলিশ চার ব্যক্তিকে গ্রেফতার করেছে। তন্মধ্যে দুই ব্যক্তিকে জামিন দেয়া হয়েছে। পুলিশ খুনের রহস্য উদঘাটনে ব্যাপক তদন্ত চালাচ্ছে। এখানে উল্লেখ্য, গত ১২ই আগস্ট মঙ্গলবার রাতে

খায়রুন্নেসা (৭০) নামক এক বৃদ্ধা মহিলাকে ছুরিকাঘাতে হত্যা করা হয়। উক্ত মহিলার গ্রামের বাড়ি হচ্ছে বিয়ানীবাজার উপজেলার নালবহরে। এক পুত্র, পুত্রবধু ও দুই নাতিকে নিয়ে তিনি থাকতেন ওয়েস্ট ফেরী এলাকার বেলমি ক্রোজে। আর দুই ছেলে আলাদা থাকতেন অন্য বাড়িতে। ঘটনার সময় বৃদ্ধা মহিলা ঘরে একা ছিলেন।